গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
পরিকল্পনা-৩ শাখা

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন "এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম" শীর্ষক প্রকল্পের পিআইসি কমিটির ৬ষ্ঠ সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | এন এম জিয়াউল আলম, পিএএ<br>সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। |
| সভার তারিখ | ০৯ এপ্রিল ২০২২ খ্রি. |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকায় |
| স্থান | Zoom Cloud Platform. |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় উপস্থিত সদস্যগণের পরিচয়পর্ব শেষে সভাপতি এটুআই-এর প্রকল্প পরিচালক ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ুন কবীর (যুগ্ম সচিব)-কে সভার আলোচ্যসূচি ও প্রস্তাব উপস্থাপনের অনুরোধ জানান। সভাপতি সভায় উপস্থিত সকলকে আলোচনায় সক্রিয় অংশগ্রহণের আহবান জানান। এটুআই-এর প্রকল্প পরিচালক আলোচ্যসূচি অনুযায়ী প্রকল্পের বিভিন্ন উদ্যোগের অগ্রগতি ও প্রস্তাব সভায় উপস্থাপন করেন।

## ২। পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়করণ এবং সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা :

| ক্রম | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত | অগ্রগতি |
|---|---|---|
| ৩.১ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এবং এটুআই ও বেসিস-এর প্রতিনিধিগণের উপস্থিতিতে 'বেসিস ই-গভ হাব' কমিটি-এর সভা আয়োজন করতে হবে। | প্রকল্প পরিচালক জানান যে, বেসিস-এর নবনির্বাচিত নির্বাহী কমিটির সভাপতি এবং অন্যান্য সদস্যদের উপস্থিতিতে ২৮ ফেব্রুয়ারি ২০২২ তারিখে একটি প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। আগামী ৩০ এপ্রিল ২০২২ তারিখের মধ্যে উক্ত কমিটির সভা অনুষ্ঠিত হবে। |
| ৩.২ | আইসিটি বিভাগ, বিসিসি এবং আওতাধীন দপ্তরের জন্য বিশেষ ডিএসডিএল আয়োজন করতে হবে। | প্রকল্প পরিচালক জানান যে, আইসিটি বিভাগ, বিসিসি এবং আওতাধীন দপ্তরের জন্য বিশেষ ডিএসডিএল আয়োজনের প্রস্তুতি সম্পন্ন হয়েছে। এ বিষয়ক কমিটির সিদ্ধান্ত অনুযায়ী আগামী ১৯-২২ মে ২০২২ তারিখে বিশেষ ডিএসডিএল অনুষ্ঠিত হবে। |
| ৩.৩ | জাতীয় রাজস্ব বোর্ড-এর ডিজিটাল প্লাটফর্ম-এর সঙ্গে একপে প্লাটফর্ম-এর ইন্টিগ্রেশন করতে হবে। | প্রকল্প পরিচালক জানান যে, এ লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড-এর সঙ্গে যোগাযোগ চলমান রয়েছে। মে ২০২২ মাসের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ড-এর ডিজিটাল প্লাটফর্ম-এর সঙ্গে একপে প্লাটফর্ম-এর ইন্টিগ্রেশন সম্পন্ন করা হবে। |
| ৩.৪ | সিভিল সার্ভিস ২০৪১-এর ডিজাইনকৃত কন্টেন্ট এবং পরবর্তী পদক্ষেপ মন্ত্রিপরিষদ সচিব, অর্থ বিভাগের সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব-সহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে। | প্রকল্প পরিচালক জানান যে, সিভিল সার্ভিস ২০৪১-এর ডিজাইনকৃত কন্টেন্ট এবং পরবর্তী পদক্ষেপ আইসিটি বিভাগের সিনিয়র সচিবের নিকট ১৯ ডিসেম্বর ২০২১ তারিখে উপস্থাপন করা হয়েছে। এপ্রিল ২০২২ মাসের মধ্যে এ বিষয়টি মন্ত্রিপরিষদ সচিব, অর্থ বিভাগের সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব-সহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা হবে। |

| | | |
|---|---|---|
| ৩.৫ | বিসিসি, এনডিসি, ডিএসএ, বিটিআরসি-এর সমন্বয়ে খসড়া ডিজাস্টার রিকভারি গাইডলাইন প্রস্তুতপূর্বক আইসিটি বিভাগে প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক জানান যে, এ লক্ষ্যে উল্লিখিত সহযোগী প্রতিষ্ঠান ও ব্যক্তিবর্গের সঙ্গে যোগাযোগ চলমান রয়েছে। মে ২০২২ মাসের মধ্যে খসড়া ডিজাস্টার রিকভারি গাইডলাইন প্রস্তুতপূর্বক আইসিটি বিভাগে প্রেরণ করা হবে। |
| ৩.৬ | সকল ডিজিটাল সিস্টেমের কোয়ালিটি টেস্টিং এবং এক্সেসেবিলিটি নিশ্চিত করার লক্ষ্যে এক্সেসেবিলিটি গাইডলাইন ও এক্সেসেবিলিটি'র বিষয় অন্তর্ভুক্ত করে কোয়ালিটি টেস্টিং চেকলিস্টটি সকল মন্ত্রণালয়ে সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট কে প্রেরণ করতে হবে। সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট কর্তৃক সকল মন্ত্রণালয়ে এটি প্রজ্ঞাপন আকারে জারি করার সুপারিশ করা হলো। | প্রকল্প পরিচালক জানান যে, ডিজিটাল সিস্টেমের কোয়ালিটি টেস্টিং বিষয়ক ২৪০টি প্রশ্নমালা/ইনডিকেটর প্রণয়ন করা হয়েছে। ডিজিটাল সিস্টেমের কোয়ালিটি টেস্টিং বিষয়ক এ্যাসেসমেন্ট গাইডলাইন প্রস্তুতের কার্যক্রম চলমান রয়েছে যা মে ২০২২ মাসের মধ্যে সম্পন্ন করে সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট-এ প্রেরণ করা হবে। সভাপতি সংশ্লিষ্ট অংশীজনের মতামত গ্রহণের লক্ষ্যে খসড়া ডিজিটাল সিস্টেমের কোয়ালিটি টেস্টিং এ্যাসেসমেন্ট গাইডলাইন বিষয়ক একটি কর্মশালা আয়োজন করার পরামর্শ প্রদান করেন। |
| ৩.৭ | ক) ই-নথি সার্ভার খাতে প্রকল্পে অবশিষ্ট ২৫ কোটি টাকা এককালীন উত্তোলনের বিষয়ে অর্থ বিভাগের অনুমোদনের লক্ষ্যে পত্র প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক জানান যে, উক্ত সিদ্ধান্তের আলোকে পত্র প্রেরণ করা হয়েছে। অর্থ বিভাগ এককালীন উত্তোলনের অনুমোদন প্রদান করেছে। |
| | খ) ই-নথি সিস্টেমের জন্য সার্ভার ক্রয়ের লক্ষ্যে আইসিটি বিভাগের থোক বরাদ্দ হতে পরিকল্পনা কমিশনের অনুমোদনক্রমে প্রকল্প বরাদ্দের ৫% অর্থ এটুআই প্রকল্পকে বরাদ্দ প্রদান করতে হবে এবং পরিমার্জনের লক্ষ্যে প্রকল্প দলিলে তা অন্তর্ভুক্ত করতে হবে। | প্রকল্প পরিচালক জানান যে, উক্ত অর্থ বরাদ্দের বিষয়ে পরিকল্পনা কমিশনের সম্মতি পাওয়া গিয়েছে। পরিমার্জিতব্য প্রকল্প দলিলে এ বিষয়টি অন্তর্ভুক্ত করা হবে। |
| ৩.৮ | আইসিটি বিভাগকে ডাটা সেন্টারের সার্ভিস চার্জ বাবদ অর্থ বরাদ্দের লক্ষ্যে অর্থ বিভাগকে একটি পত্র প্রেরণ করতে হবে। উক্ত অর্থ বরাদ্দ সাপেক্ষে সরকার হতে ডাটা সেন্টারের সার্ভিস চার্জ বিডিসিসিএল এবং বিসিসি'কে প্রদান করা হবে। | প্রকল্প পরিচালক জানান যে, এপ্রিল ২০২২ মাসের মধ্যে পত্র প্রেরণ করা হবে। সভাপতি এটুআই প্রকল্প হতে একটি খসড়া পত্র তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে প্রেরণ করার পরামর্শ প্রদান করেন। |
| ৩.৯ | সকল ডিজিটাল সার্ভিসের বিলিং পদ্ধতি নিরূপণ করতে হবে যাতে করে ভবিষ্যতে সরকারি দপ্তরসমূহ ডাটা সেন্টারের চার্জ স্ব-স্ব উদ্যোগে প্রদান করতে পারে। | প্রকল্প পরিচালক জানান যে, ডিজিটাল সার্ভিসের বিলিং পদ্ধতি নিরূপণের লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। আগামী মে ২০২২ মাসে সিনিয়র সচিব মহোদয়ের নিকট এ সংক্রান্ত প্রস্তাবনা উপস্থাপন করা হবে। সভাপতি বিলিং পদ্ধতিতে প্রি-পেইড এবং পোস্ট-পেইড উভয় পদ্ধতিই অন্তর্ভুক্ত করে উপস্থাপন করার পরামর্শ প্রদান করেন। |

**আলোচ্যসূচি-২: প্রকল্পের ভৌত এবং আর্থিক অগ্রগতি পর্যালোচনা:**

প্রকল্প পরিচালক প্রকল্পের ভৌত এবং আর্থিক অগ্রগতি সকল সদস্যের অবগতির জন্য নিম্নোক্তরূপে উপস্থাপন করেন। সভাপতি ৩০ মে ২০২২ এর মধ্যে বেতন ভাতাদি ব্যতীত অন্যান্য ব্যয় শতভাগ সম্পন্ন করার পরামর্শ প্রদান করেন।

| প্রকল্পের আর্থিক অগ্রগতি: *কোটি টাকায় | | | |
|---|---|---|---|
| | জিওবি | প্রকল্প সাহায্য | মোট |
| মোট বরাদ্দ ১ জানুয়ারি ২০২০-৩১ মার্চ ২০২২ | ৪০৩.৬৫ | ৮১.৮০ | ৪৮৫.৪৫ |
| মোট ব্যয় ১ জানুয়ারি ২০২০-৩১ মার্চ ২০২২ | ১২০.৮৩ | ৫৯.৭ | ১৮০.৫৩ |
| আর্থিক অগ্রগতি (%) | ৩০% | ৭৩% | ৩৭% |
| | | | |

| ২০২১-২০২২ অর্থবছরের আর্থিক অগ্রগতি | | | |
|---|---|---|---|
| | **জিওবি** | **প্রকল্প সাহায্য** | **মোট** |
| আরএডিপি বরাদ্দ | ৬৮.৪৬ | ২৫.০০ | ৯৩.৪৬ |
| অবমুক্ত | ৬৮.৪৬ | ২৫.০০ | ৯৩.৪৬ |
| ব্যয় (১ জুলাই ২০২১- ৩১ মার্চ ২০২২) | ৪৯.৮৫ | ২২.২৭ | ৭২.১২ |
| আর্থিক অগ্রগতি (%) | ৭৩% | ৮৯% | ৭৭% |

| কোয়ার্টারভিত্তিক আর্থিক অগ্রগতি | | | | | | | | | | কোটি টাকায় | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ম (জুলাই-সেপ্টেম্বর) | | | ২য় (অক্টোবর-ডিসেম্বর) | | | ৩য় (জানুয়ারি-মার্চ ২০২২) | | | ৪র্থ (এপ্রিল-জুন ২০২২) | | | মোট |
| | আর্থিক | আর্থিক অগ্রগতি (%) | ভৌত অগ্রগতি (%) | আর্থিক | আর্থিক অগ্রগতি (%) | ভৌত অগ্রগতি (%) | আর্থিক | আর্থিক অগ্রগতি (%) | ভৌত অগ্রগতি (%) | আর্থিক | আর্থিক অগ্রগতি (%) | ভৌত অগ্রগতি (%) | আর্থিক |
| লক্ষ্যমাত্রা | ১৩.৫৮ | ১৪.৫৩ % | ২০% | ২৫.০২ | ২৬.৭৭ % | ৩২% | ২৪.৪১ | ২৬.১১ % | ৩১% | ৩০.৪৭ | ৩২.৬০ % | ৩৭% | ৯৩.৪৮ |
| অগ্রগতি (প্রকল্পের সর্বমোট বরাদ্দের ভিত্তিতে) | ১৯.১৭ | ২০.৫১ % | ২৫% | ২৬.৫৮ | ২৮.৪৩ % | ৩৩% | ২৪.৮৯ | ২৬.৬৩ % | ৩২% | ১.৪৮ | ১.৫৮% | ৪% | ৭২.১২ |
| চলতি বছরের ক্রমপুঞ্জিত ব্যয় | ১৯.১৭ | ২০.৫১ % | ২৫% | ৪৫.৭৫ | ৪৮.৯৪ % | ৫৩% | ৭০.৬৪ | ৭৫.৫৭ % | ৮০% | ৭২.১২ | ৭৭.১৫ % | ৮৫% | ৭২.১২ |

**প্রকল্পের ভৌত অগ্রগতি:**

| উদ্যোগসমূহ | ভৌত অগ্রগতি |
|---|---|
| ডিজিটাল সেবা | ১৭.১০% |
| সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ডিজিটাল পেমেন্ট | ১৫.২২% |
| জাতীয় তথ্য বাতায়নে অন্তর্ভুক্ত কন্টেন্ট | ১৩.৭৯% |
| ৩৩৩-তে গৃহীত কল | ১৩.২২% |
| ই-লার্নিং কর্মসূচি | ১১.১৩% |
| নথি কার্যক্রম সম্প্রসারণ | ১০.১৯% |
| ডিজিটাল সেবা | ১৭.১০% |
| ডিজিটাল সেন্টার স্থাপন | ১০.১০% |
| অনলাইনে ফি সেবা প্রদান | ৫.১৮% |
| **মোট ভৌত অগ্রগতি** | **৯৫.৯৩%** |

**আলোচ্যসূচি ৩: প্রকল্প দলিল সংশোধন অনুমোদন সংক্রান্ত আলোচনা:**

প্রকল্প পরিচালক জানান যে, এটুআই প্রকল্পের পিআইসি-এর ২য় সভায় প্রকল্প দলিল পরিমার্জনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এছাড়াও, প্রকল্পের ৪র্থ পিআইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্প দলিলে কোভিড-১৯ মোকাবিলায় গৃহীত কার্যক্রম (ডিজিটাল

হেলথ এবং ডিজিটাল জুডিশিয়ারি, ৪র্থ শিল্প বিপ্লব) এবং উত্তম চর্চা বৈশ্বিক পরিসরে বাস্তবায়ন বিষয়ক কার্যক্রম অন্তর্ভুক্তকরণ এবং প্রয়োজনীয় অর্থের সংস্থান রেখে দলিল পরিমার্জনের নির্দেশনা প্রদান করা হয়েছে। পিআইসি-এর ৫ম সভায় ই-নথি সিস্টেমের সার্ভার ক্রয় সংক্রান্ত অর্থ বাবদ পরিবর্তন টিপিপিতে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এছাড়াও, উন্নয়ন সহযোগী সংস্থা হতে ১৪৮.৫২ কোটি টাকা অর্থ পাওয়া গিয়েছে যা টিপিপিতে সংস্থান করা প্রয়োজন। এ পরিপ্রেক্ষিতে, টিপিপি পরিমার্জন বিষয়ে আইসিটি বিভাগের পরিকল্পনা শাখা হতে ১২ মার্চ ২০২২ তারিখে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে, ইউএনডিপি বাংলাদেশ-এর সঙ্গে সভার মাধ্যমে মৌখিক সম্মতিও গ্রহণ করা হয়েছে। প্রকল্প পরিচালক আরও জানান যে, ১২৫ কোটি টাকা বৃদ্ধির এবং প্রকল্পের মেয়াদ জুন ২০২৪ (৬ মাস) পর্যন্ত বৃদ্ধির প্রস্তাবসহ প্রকল্প দলিল পরিমার্জনের প্রস্তাবনা প্রকল্প স্টিয়ারিং কমিটিতে উপস্থাপন করা যেতে পারে।

**আলোচ্যসূচি-৪: সংশোধিত এআইএফ অপারেশনাল ম্যানুয়াল-এর অনুমোদন বিষয়ে আলোচনা:**

প্রকল্প পরিচালক জানান যে, সংশোধিত এআইএফ অপারেশনাল ম্যানুয়াল-এ নিম্নোক্ত দুইটি ক্ষেত্রে পরিবর্তন করা হয়েছে-

খ) অর্থায়নের পরিমাণ

গ) মেন্টরিং কার্যক্রম যুক্তকরণ

তিনি বর্তমান অর্থায়ন এবং পরিবর্তিত অর্থায়নের একটি তুলনামূলক চিত্র তুলে ধরেন যা নিম্নরূপ:

| **বর্তমান অর্থায়নের ধরন** | |
|---|---|
| **বিষয়** | **পরিমাণ** |
| অর্থায়ন স্ল্যাব | ক্ষুদ্র- অনূর্ধ্ব ৫ লক্ষ টাকা |
| | মাঝারি-৫০,০০১ হতে ১০,০০,০০০ টাকা পর্যন্ত |
| | বৃহৎ- ১০,০০,০০১ হতে ২৫,০০,০০০ টাকা পর্যন্ত |

| **প্রকল্পের সংশোধিত (প্রস্তাবিত) বাজেট (কোটি টাকায়)** | | | |
|---|---|---|---|
| **ফান্ড** | **বর্তমান** | **প্রস্তাবিত** | **বৃদ্ধি/হ্রাস** |
| জিওবি | ৪০৩.৬৫ | ৪৫৩.৬৫ | ৫০.০০ (১২.৪%) |
| প্রকল্প সাহায্য | ৮১.৮০ | ১৮৭.০০ | ১০৫ (১২৯.৬%) |
| মোট | **৪৮৫.৪৫** | **৬৪০.৬৫** | **১৫৫ (৩২%)** |

| **পরিবর্তিত অর্থায়নের ধরন** | | |
|---|---|---|
| **আবেদনের ধরন** | **অর্থায়নের পরিমাণ** | **আবেদনকারীর ধরন** |
| স্বতন্ত্র ব্যক্তি | অনূর্ধ্ব ১৫ লক্ষ টাকা | • স্বতন্ত্র উদ্ভাবক |
| প্রতিষ্ঠান | অনূর্ধ্ব ১ কোটি টাকা | • কোম্পানি/ফার্ম<br>• একাডেমিক প্রতিষ্ঠান<br>• গবেষণা প্রতিষ্ঠান |
| স্ট্র্যাটেজিক পার্টনারশিপ | অনূর্ধ্ব ৫ কোটি টাকা | • উন্নয়ন ক্ষেত্র<br>• সরকারি প্রতিষ্ঠান<br>• স্থানীয় অংশীদারত্ব<br>• আন্তর্জাতিক অংশীদারত্ব |

**প্রকল্প পরিচালক উপরোক্ত পরিবর্তনের যৌক্তিকতা নিম্নরূপে উপস্থাপন করেন:**

১ কোটি টাকা পর্যন্ত অর্থায়নের ক্ষেত্রে:

- উচ্চশিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক পেটেন্ট নিবন্ধনের পরিমাণ বৃদ্ধি পাবে;

- প্রাইভেট সেক্টর/ফার্ম/দলগত ক্ষেত্রে অপেক্ষাকৃত বেশি অর্থায়ন করা সম্ভব হবে; এবং
- শিল্প খাতে বিশেষায়িত গবেষণা ও উন্নয়ন কার্যক্রম বৃদ্ধি পাবে।

৫ কোটি টাকা পর্যন্ত অর্থায়নের ক্ষেত্রে:

- উদ্ভাবনী সংস্কৃতির বিকাশের লক্ষ্যে সরকারি সংস্থা, উন্নয়ন খাত, স্থানীয় ও আন্তর্জাতিক সহযোগীদের সঙ্গে অংশীদারিত্ব স্থাপন করা সম্ভব হবে (সাউথ-সাউথ/একশপ/এসডিজি ইত্যাদি)।
- পারস্পারিক অভিজ্ঞতা বিনিময় এবং সহযোগিতার ক্ষেত্র সৃষ্টি হবে।

প্রকল্প পরিচালক আরও জানান যে, বর্তমান উদ্ভাবক নির্বাচন প্রক্রিয়ায় একটি 'গ্রুমিং বুটক্যাম্প' এবং মেন্টরিং কার্যক্রম যুক্ত করার প্রস্তাবনা করা হয়েছে। উক্ত মেন্টরিং কার্যক্রমের মাধ্যমে উদ্ভাবকদের নিবিড় পর্যালোচনার মাধ্যমে পরামর্শ এবং দিকনির্দেশনা প্রদান করা সম্ভব হবে। ফলে, অধিকতর যোগ্যতাসম্পন্ন উদ্ভাবক বাছাই করা সম্ভব হবে এবং একই সাথে উদ্ভাবকদের সাফল্যের হারও বৃদ্ধি পাবে। সভাপতি অর্থায়নকৃত উদ্ভাবকদের একটি ডাটাবেজ সিস্টেম প্রস্তুত করার পরামর্শ প্রদান করেন। প্রকল্প পরিচালক জানান যে, সংশোধিত এআইএফ অপারেশনাল ম্যানুয়াল-এ অর্থায়নের পরিমাণ এবং গ্রুমিং ও মেন্টরিং কার্যক্রম বিষয়ক প্রস্তাব অনুমোদনের লক্ষ্যে প্রকল্প স্টিয়ারিং কমিটিতে উপস্থাপন করা যেতে পারে। সভাপতি পিআইসি-এর সকল সদস্যের নিকট সংশোধিত এআইএফ অপারেশনাল ম্যানুয়াল'টি তাদের মতামত গ্রহণের লক্ষ্যে প্রেরণ করার পরামর্শ প্রদান করেন। এছাড়াও, তিনি এটুআই ইনোভেশন ফান্ড-এর ওপর পরিচালিত গবেষণা স্টাডি'টি হালনাগাদ করার পরামর্শ প্রদান করেন।

**আলোচ্যসূচি-৫: বিবিধ:**

আইসিটি বিভাগের পরিকল্পনা অধিশাখার উপসচিব জানান যে, সংশোধিতব্য প্রকল্প দলিল এবং এ সংক্রান্ত নথিপত্র দ্রুত অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ করা প্রয়োজন। এ প্রসঙ্গে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের যুগ্মসচিব জনাব মাসুদুল হক জানান যে, প্রকল্প দলিল সংশোধনের প্রস্তাবটি আরও সুনির্দিষ্ট এবং বিস্তারিত ভাবে পরিমার্জন করে এবং প্রকল্প দলিলের কোন অংশ পরিমার্জন করা হচ্ছে তার একটি সারাংশসহ প্রেরণ করার পরামর্শ প্রদান করেন।

**৬। সভায় আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:**

| ক্রম | সিদ্ধান্ত | সময় সীমা | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|
| ৬.১ | সংশ্লিষ্ট অংশীজনের মতামত গ্রহণের লক্ষ্যে খসড়া ডিজিটাল সিস্টেমের কোয়ালিটি টেস্টিং এ্যাসেসমেন্ট গাইডলাইন বিষয়ক একটি কর্মশালা আয়োজন করতে হবে। | মে ২০২২ | এটুআই |
| ৬.২ | ডাটা সেন্টারের সর্ভিস চার্জ বাবদ অর্থ বরাদ্দ প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে একটি খসড়া পত্র প্রেরণ করতে হবে। | এপ্রিল ২০২২ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, এটুআই |
| ৬.৩ | ১২৫ কোটি টাকা বৃদ্ধির এবং প্রকল্পের মেয়াদ জুন ২০২৪ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাবসহ প্রকল্প দলিল পরিমার্জনের প্রস্তাবনা প্রকল্প স্টিয়ারিং কমিটিতে উপস্থাপন করতে হবে। | এপ্রিল ২০২২ | এটুআই |
| ৬.৪ | ক) সংশোধিত এআইএফ অপারেশনাল ম্যানুয়াল-এ অর্থায়নের পরিমাণ এবং গ্রুমিং ও মেন্টরিং কার্যক্রম বিষয়ক প্রস্তাব অনুমোদনের লক্ষ্যে প্রকল্প স্টিয়ারিং কমিটিতে উপস্থাপন করতে হবে।<br>খ) পিআইসি-এর সকল সদস্যদের নিকট সংশোধিত এআইএফ অপারেশনাল ম্যানুয়াল'টি তাদের মতামত গ্রহণের লক্ষ্যে প্রেরণ করতে হবে।<br>গ) এটুআই ইনোভেশন ফান্ড-এর ওপর পরিচালিত গবেষণা স্টাডি'টি হালনাগাদ করতে হবে। | এপ্রিল ২০২২ | এটুআই |

| | | | |
|---|---|---|---|
| ৬.৫ | প্রকল্প দলিল সংশোধনের প্রস্তাবটি আরও সুনির্দিষ্ট এবং বিস্তারিতভাবে পরিমার্জন করে এবং প্রকল্প দলিলের কোন অংশ পরিমার্জন করা হচ্ছে তার একটি সারাংশসহ অর্থনৈতিক সম্পর্ক বিভাগে দ্রুত প্রেরণ করতে হবে। | ডিসেম্বর ২০২২ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, এটুআই |

৭। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এন এম জিয়াউল আলম, পিএএ
সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০৪৫.৩২.০০৫.২০.১১১

তারিখ: ৮ বৈশাখ ১৪২৯
২১ এপ্রিল ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২) সিনিয়র সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ।
৩) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৪) সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়।
৫) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৬) সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।
৭) সচিব, শিল্প মন্ত্রণালয়।
৮) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
৯) সচিব , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
১০) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
১১) সচিব , অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
১২) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
১৩) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
১৪) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
১৫) নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
১৬) অতিরিক্ত সচিব, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ।
১৭) অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ।
১৮) অতিরিক্ত সচিব, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
১৯) মহাপরিচালক (প্রশাসন), মহাপরিচালক ৪, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২০) প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম।
২১) উপসচিব, পরিকল্পনা অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
২২) উপসচিব , উন্নয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
২৩) পলিসি অ্যাডভাইজর, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম।
২৪) আবাসিক প্রতিনিধি, উধ্বতন কর্মকর্তা, ইউএনডিপি, বাংলাদেশ।

২৫) সভাপতি, এফবিসিসিআই।

২৬) সভাপতি, ডিসিসিআই।

২৭) সভাপতি, ই-কমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ।

২৮) সভাপতি, বেসিস।

২৯) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৩০) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

৩১) প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন স্পেশালিস্ট (প্রজেক্ট ম্যানেজার), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম।

রোজিনা আক্তার
সিনিয়র সহকারী সচিব